ঢাকা বিশ্ববিদ্যালয় বার্তা

৩২ বর্ষ ২৩তম সংখ্যা | ওয়েব সাইট : http://www.du.ac.bd (DU Barta) | ১ পৌষ ১৪২৫, ১৫ ডিসেম্বর ২০১৮

মহান বিজয় দিবস উপলক্ষে গত ১ ডিসেম্বর ২০১৮ ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের নেতৃত্বে ক্যাম্পাসে এক বর্ণাঢ্য 'বিজয় র‍্যালি' বের করা হয়।

রোকেয়া দিবস উদ্‌যাপিত

যথাযোগ্য মর্যাদায় ঢাকা বিশ্ববিদ্যালয়ে গত ৯ ডিসেম্বর ২০১৮ দিনব্যাপী 'রোকেয়া দিবস-২০১৮' উদ্‌যাপিত হয়েছে। এ উপলক্ষে সন্ধ্যায় বিশ্ববিদ্যালয়ের রোকেয়া হল মিলনায়তনে 'রোকেয়া মেমোরিয়াল ফাউন্ডেশন বক্তৃতা, স্বর্ণপদক ও বৃত্তি প্রদান' অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে ফাউন্ডেশন বক্তৃতা প্রদান করেন জাতীয় অধ্যাপক ড. রফিকুল ইসলাম।

রোকেয়া হলের প্রাধ্যক্ষা অধ্যাপক ড. জিনাত হুদা-এর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। বিশেষ অতিথি হিসেবে ছিলেন কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন। ধন্যবাদ জ্ঞাপন করেন রোকেয়া মেমোরিয়াল ফাউন্ডেশন ট্রাস্টি বোর্ডের সদস্য ও হলের খন্ডকালীন আবাসিক শিক্ষক মনিরা বেগম। অনুষ্ঠান সঞ্চালনা করেন হলের খন্ডকালীন আবাসিক (২য় পৃষ্ঠায় দেখুন)

ক্যাম্পাসে বর্ণাঢ্য বিজয় র‍্যালি

স্বাধীনতা বিরোধী অপশক্তিকে প্রতিহত করে বিজয়ধারা অব্যাহত রাখার অঙ্গীকার করতে হবে - উপাচার্য

মহান বিজয় দিবস উপলক্ষে গত ১ ডিসেম্বর ২০১৮ ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে বর্ণাঢ্য 'বিজয় র‍্যালি' বের করা হয়। বিজয় র‍্যালি শেষে ঐতিহাসিক সোহরাওয়ার্দী উদ্যানের স্বাধীনতা চত্বরে আয়োজিত এক সমাবেশে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বলেছেন, স্বাধীনতা বিরোধী অপশক্তি দেশে আবার ষড়যন্ত্র শুরু করেছে। এসব ষড়যন্ত্র প্রতিহত করে বিজয়ের ধারা অব্যাহত রাখার জন্য তরুণ প্রজন্মকে অঙ্গীকার করতে হবে।

উপাচার্য এরআগে বেলুন ও পায়রা উড়িয়ে অপরাজেয় বাংলার পাদদেশ থেকে বিজয় র‍্যালির উদ্বোধন করেন। র‍্যালিটি টিএসসি হয়ে সোহরাওয়ার্দী উদ্যানের স্বাধীনতা চত্বরে গিয়ে শেষ হয়। প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন, ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল, বিভিন্ন অনুষদের ডিন, বিভিন্ন হলের প্রভোস্টসহ বিপুল সংখ্যক শিক্ষক, ছাত্র-ছাত্রী ও কর্মকর্তা-কর্মচারী র‍্যালিতে অংশগ্রহণ করেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের অমর স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেন। তিনি বলেন, এইস্থানে বঙ্গবন্ধু ১৯৭১ সালে ঐতিহাসিক ৭মার্চের ভাষণটি প্রদান করেছিলেন। বঙ্গবন্ধুর সেই ভাষণ ইতোমধ্যেই 'বিশ্ব প্রামাণ্য ঐতিহ্য' হিসেবে স্বীকৃতি পেয়েছে। এই ভাষণ যেমন একাত্তরে বাঙালি জাতিকে উদ্বুদ্ধ করেছিল, তেমনি ভবিষ্যতে বিশ্বের সকল নির্যাতিত, নিপীড়িত, অবহেলিত ও বঞ্চিত জনগোষ্ঠীকে অনুপ্রাণিত করবে। তিনি বলেন, নতুন প্রজন্মের মাঝে এখন মুক্তিযুদ্ধের গান ও চেতনা সঞ্চারিত হয়েছে। মুক্তিযুদ্ধ ও অসাম্প্রদায়িক চেতনা এবং উদার, নৈতিক ও মানবিক মূল্যবোধ ধারণ করে সামনে এগিয়ে যাওয়ার জন্য তিনি সকলের প্রতি আহ্বান জানান ।

পরে ঢাকা বিশ্ববিদ্যালয় সংগীত বিভাগের উদ্যোগে জাতীয় সংগীত ও দেশাত্মবোধক গান পরিবেশিত হয়।

গত ৯ ডিসেম্বর ২০১৮ 'রোকেয়া দিবস-২০১৮' উপলক্ষ্যে রোকেয়া হল মিলনায়তনে 'রোকেয়া মেমোরিয়াল ফাউন্ডেশন বক্তৃতা, স্বর্ণপদক ও বৃত্তি প্রদান' অনুষ্ঠানের আয়োজন করা হয়। রোকেয়া হলের প্রাধ্যক্ষা অধ্যাপক ড. জিনাত হুদা-এর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। বিশেষ অতিথি হিসেবে ছিলেন কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন। এতে জাতীয় অধ্যাপক ড. রফিকুল ইসলাম "বেগম রোকেয়া ও বাংলাদেশ" শীর্ষক ফাউন্ডেশন বক্তৃতা প্রদান করেন।

বাংলাদেশ আইন সমিতির ৩৩তম বার্ষিক সম্মেলন অনুষ্ঠিত

বাংলাদেশ আইন সমিতির ৩৩তম বার্ষিক সম্মেলন-২০১৮ গত ৭ ডিসেম্বর ২০১৮ ঢাকা বিশ্ববিদ্যালয় কাজী মোতাহার হোসেন ভবনের মাঠে অনুষ্ঠিত হয়েছে। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান দিনব্যাপী এই সম্মেলনের আনুষ্ঠানিক উদ্বোধন করেন। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রধান বিচারপতি সৈয়দ মাহমুদ হোসেন।

বাংলাদেশ আইন সমিতির সভাপতি এডভোকেট মো. কামরুজ্জামান আনসারীর সভপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন সুপ্রীম কোর্টের আপীল বিভাগের বিচারপতি মির্জা হোসেইন হায়দার, প্রধান বিচারপতির স্ত্রী ঢাকা বিশ্ববিদ্যালয় আইন বিভাগের প্রাক্তর ছাত্রী সামিনা খালেক, সমিতির প্রতিষ্ঠাতা সভাপতি আবদুল্লাহ মাহমুদ হাসান এবং ঢাকা

বিশ্ববিদ্যালয় আইন অনুষদের ডিন অধ্যাপক ড. মো. রহমত উল্লাহ। স্বাগত ভাষণ দেন সম্মেলন প্রস্তুতি কমিটি-২০১৮ এর আহবায়ক মোল্লা মো. আবু কাওছার। অনুষ্ঠান সঞ্চালন করেন সমিতির সাধারণ সম্পাদক সহিদুল ইসলাম ফারুক। এছাড়া, সুপ্রীমকোর্ট ও হাইকোর্টের কয়েকজন বিচারপতি, আইন বিভাগের ভারপ্রাপ্ত চেয়ারম্যান অধ্যাপক ড. নকীব মোহাম্মদ নসরুল্লাহ, ঢাকা বিশ্ববিদ্যালয় অ্যালামনাই এসোসিয়েশনের সাধারণ সম্পাদক রঞ্জন কর্মকার প্রমুখ সম্মেলনে উপস্থিত ছিলেন।

প্রধান বিচারপতি সৈয়দ মাহমুদ হোসেন বলেন, গণতন্ত্রের সুষ্ঠু চর্চা, দেশের সার্বিক উন্নয়ন ও ন্যায়বিচার প্রতিষ্ঠায় বিচার বিভাগের ভূমিকা অনস্বীকার্য। বিচার বিভাগের দক্ষতা হচ্ছে একটি দেশের সাফল্যের মাপকাঠী। বিশ্বব্যাপী আইন পেশা একটি মহান পেশা হিসেবে স্বীকৃত। বাংলাদেশ আইন সামিতি বিভিন্ন আর্থ-সামাজিক, সাংস্কৃতিক, মানব-উন্নয়নসহ দরিদ্র ও সহায়-সম্বলহীন জনগনকে আইনি সেবা প্রদানে নিরন্তর প্রচেষ্ঠা চালিয়ে যাবে বলে প্রধান বিচারপতি আশা প্রকাশ করেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বলেন, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঢাকা বিশ্ববিদ্যালয় আইন বিভাগের শিক্ষার্থী ছিলেন। তাই এই বিভাগের শিক্ষার্থীরা বিশেষ গৌরবের দাবিদার। গণতন্ত্র সম্প্রসারণে আইন বিভাগের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ন। তিনি বলেন, যারা আইনের সাথে সম্পৃক্ত তারা গণতন্ত্রকে সমৃদ্ধ করতে কাজ করেন।

প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ-এর চীন সফর

অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ

ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ "দক্ষিণ এবং দক্ষিণ-পূর্ব এশিয়ান ইউনিভার্সিটি নেটওয়ার্ক" সম্মেলন এবং "দ্বিতীয় দক্ষিণ এবং দক্ষিণ-পূর্ব এশিয়ান ইউনিভার্সিটি রেক্টরস্ ফোরাম"- এ অংশগ্রহণ করার জন্য গত ৮ ডিসেম্বর ২০১৮ চীনের উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করেন।

অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ চীন সফর শেষে ১২ ডিসেম্বর ২০১৮ বুধবার দেশে ফিরেন।

ঢাবি শিক্ষক সমিতির নির্বাচনে অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল সভাপতি এবং অধ্যাপক শিবলী রুবাইয়াতুল ইসলাম সাধারণ সম্পাদক নির্বাচিত

অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল



অধ্যাপক শিবলী রুবাইয়াতুল ইসলাম

ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির নির্বাচনে অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল সভাপতি এবং অধ্যাপক শিবলী রুবাইয়াতুল ইসলাম সাধারণ সম্পাদক নির্বাচিত হয়েছেন। গত ০৪ ডিসেম্বর ২০১৮ বিশ্ববিদ্যালয় ক্লাবে এই নির্বাচন অনুষ্ঠিত হয়। ঢাকা বিশ্ববিদ্যালয় রসায়ন বিভাগের অধ্যাপক ড. তোফায়েল আহমদ চৌধুরী এই নির্বাচন পরিচালনা করেন।

অন্য পদে নির্বাচিতরা হলেন- সহ-সভাপতি অধ্যাপক ড. মো. ইমদাদুল হক, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মমতাজ উদ্দিন আহমেদ, যুগ্ম সম্পাদক অধ্যাপক ড. তাজিন আজিজ চৌধুরী, সদস্য - অধ্যাপক ড. মো. আফতাব আলী শেখ, অধ্যাপক ড. মো. জিয়াউর রহমান, অধ্যাপক ড. মো. নিজামুল হক ভূইয়া, অধ্যাপক ড. চন্দ্রনাথ পোদ্দার, অধ্যাপক ড. সাবিতা রিজওয়ানা রহমান, অধ্যাপক ড. জিনাত হুদা, অধ্যাপক ড. সৌমিত্র শেখর, অধ্যাপক ড. সাদেকা হালিম, অধ্যাপক নিসার হোসেন এবং অধ্যাপক ড. মো. হাসানুজ্জামান।

বীরপ্রতীক তারামন বিবি'র মৃত্যুতে উপাচার্যের শোক

বীরপ্রতীক খেতাবপ্রাপ্ত মুক্তিযোদ্ধা তারামন বিবি'র মৃত্যুতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান গভীর শোক প্রকাশ করেছেন।

গত ২ ডিসেম্বর ২০১৮ এক শোক বাণীতে উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বলেন, তারামন বিবির মৃত্যুতে জাতি একজন গৌরবদীপ্ত বীর মুক্তিযোদ্ধাকে হারালো। মুক্তিযুদ্ধে ১১নং সেক্টরে তিনি জীবন বাজি রেখে যুদ্ধ করেন। তিনি মুক্তিযোদ্ধাদের খাবার সংগ্রহ, তাদের অস্ত্র লুকিয়ে রাখা, পাকবাহিনীর খবর সংগ্রহ করে মুক্তিযোদ্ধাদের দেওয়া এবং সরাসরি সম্মুখ যুদ্ধে অংশগ্রহণ করে বীরপ্রতীক খেতাব অর্জন করেন। তিনি একজন সাধারণ নারী (২য় পৃষ্ঠায় দেখুন)

রবীন্দ্র একাডেমির উদ্যোগে দু'দিন ব্যাপী রবীন্দ্র উৎসব গত ২৭ নভেম্বর ২০১৮ জাতীয় জাদুঘর মিলনায়তনে অনুষ্ঠিত হয়। জাতীয় অধ্যাপক ড. আনিসুজ্জামান এই উৎবের উদ্বোধন করেন। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন প্রধানমন্ত্রীর আন্তর্জাতিক বিষয়ক উপদেষ্টা ড. গওহর রিজভী এবং বিশেষ অতিথি ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ। অনুষ্ঠানে বরেণ্য রবীন্দ্রসংগীত শিল্পী ফাহ্‌মিদা খাতুন কে সম্মাননা প্রদান করা হয়।

জীব বৈচিত্র্য সংরক্ষণ বিষয়ক জাতীয় সম্মেলন অনুষ্ঠিত

ঢাকা বিশ্ববিদ্যালয় প্রাণিবিদ্যা বিভাগ এবং বাংলাদেশ প্রাণিবিজ্ঞান সমিতির যৌথ উদ্যোগে "Conservation of Animal Habitants for Sustainable Biodiversity" শীর্ষক দু'দিনব্যাপী এক জাতীয় সম্মেলন গত ৭ ডিসেম্বর ২০১৮ বাংলাদেশ শিশু একাডেমি মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সাবেক চেয়ারম্যান এমিরিটাস অধ্যাপক ড. একে আজাদ চৌধুরী প্রধান অতিথি এবং প্রধানমন্ত্রীর বিশেষ সহকারী অধ্যাপক সেলিমা খাতুন, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সচিব ড. অপরূপ চৌধুরী, প্রধান বন সংরক্ষক মোহাম্মদ শফিউল আলম চৌধুরী, ভারতের বর্ধমান বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিমাই চন্দ্র সাহা, এসিআই লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক ড. এফএইচ আনসারী, ওয়ার্ল্ড ফিশ বাংলাদেশের কান্ট্রি ডিরেক্টর ড. ম্যালকম ডাব্লিউ ডিকসন, পিএসসির সদস্য মো. শাজাহান আলী মোল্লা ও রাজশাহী বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য অধ্যাপক ড. আনন্দ কুমার সাহা বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। ঢাকা বিশ্ববিদ্যালয় প্রাণিবিদ্যা বিভাগের চেয়ারম্যান অধ্যাপক হুমায়ুন রেজা খান স্বাগত বক্তব্য দেন। বাংলাদেশ প্রাণিবিজ্ঞান সমিতির প্রেসিডেন্ট অধ্যাপক ড. গুলশান আরা লতিফা ধন্যবাদ জ্ঞাপন করেন। সমিতির সাধারণ সম্পাদক ড. তপন কুমার দে অনুষ্ঠান সঞ্চালন করেন।

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সাবেক চেয়ারম্যান এমিরিটাস অধ্যাপক ড. একে আজাদ চৌধুরী জীব বৈচিত্র্য রক্ষায় প্রাণিকুলের আবাসস্থল সংরক্ষণের ওপর গুরুত্বারোপ করেন। তিনি বলেন, জীব বৈচিত্র্য রক্ষা করা প্রত্যেক নাগরিকের সাংবিধানিক দায়িত্ব।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনে প্রাণিকুলের আবাসস্থল সংরক্ষণের ওপর গুরুত্বারোপ করেন। এই লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে কার্যকর ভূমিকা পালনের জন্য তিনি গবেষক, শিক্ষাবিদ ও পেশাজীবীদের প্রতি আহ্বান জানান। তিনি বলেন, সর্বশক্তিমান আল্লাহ মানবজাতি ও প্রাণিকুলের জন্য বিভিন্ন প্রাকৃতিক সম্পদ দিয়ে পৃথিবী সৃষ্টি করেছেন। যথাযথভাবে এসব প্রাকৃতিক সম্পদ ব্যবহার করে আমাদের পরিবেশকে রক্ষা করতে হবে।

উল্লেখ্য, দেশ-বিদেশের শিক্ষাবিদ, গবেষক এবং পেশাজীবীরা এই সম্মেলনে অংশগ্রহণ করেন।

শিক্ষক ক্রিকেট লীগ-এর পুরস্কার বিতরণ

ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক ক্রিকেট লীগ-২০১৮ এর পুরস্কার বিতরণী অনুষ্ঠান গত ২৯ নভেম্বর ২০১৮ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবন মিলনায়তনে অনুষ্ঠিত হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন। ঢাকা বিশ্ববিদ্যালয় ক্রিকেট কমিটি এই লীগের আয়োজন করে।

ঢাকা বিশ্ববিদ্যালয় ক্রিকেট কমিটির সভাপতি অধ্যাপক ড. মো. হাসিবুর রশীদের সভাপতিত্বে অনুষ্ঠিত এতে বিশেষ অতিথি ছিলেন প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ এবং কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন।

শিক্ষকদের জন্য আয়োজিত এই ক্রিকেট লীগে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে বিজনেস স্টাডিজ অনুষদের ডিন অধ্যাপক শিবলী রুবাইয়াতুল ইসলামের দল 'উত্তাল উনসত্তর' এবং রানার আপ হয় ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামালের দল 'দুর্বার একাত্তর'।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথির ভাষণে বলেন, যারা ক্রীড়ামোদী শিক্ষক, তাদের সর্বদা একটি ইতিবাচক দৃষ্টিভঙ্গি থাকে এবং তারা যেকোন চ্যালেঞ্জ মোকাবেলা করতে পারে।

রোকেয়া দিবস উদ্‌যাপিত

(১ম পৃষ্ঠার পর) শিক্ষক ড. রুমানা ইসলাম।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথির বক্তব্যের শুরুতেই বেগম রোকেয়ার উপর অসাধারণ প্রবন্ধ উপস্থাপনের জন্য ফাউন্ডেশন বক্তা জাতীয় অধ্যাপক ড. রফিকুল ইসলামকে আন্তরিক ধন্যবাদ জানান। তিনি বেগম রোকেয়ার প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করে বলেন, বেগম রোকেয়া ৫৩ বছরের সংক্ষিপ্ত জীবনে বহু প্রতিবন্ধকতা পাড়ি দিয়েছেন। তিনি জীবনে চলার পথে নারীদের সমস্যাগুলো চিহ্নিত করেছেন এবং তা থেকে উত্তরণের পথ দেখিয়েছেন। তাঁর 'পদ্মরাগ' উপন্যাসে তিনি সমাজচিত্র অঙ্কন করেছেন। তাঁর প্রবন্ধগুলো পর্যালোচনার মাধ্যমে তাঁকে মূল্যায়ন করা সম্ভব। বৃত্তিপ্রাপ্ত ছাত্রীদের উদ্দেশ্যে উপাচার্য বলেন, বেগম রোকেয়ার দর্শন আমাদের জীবনের জন্য প্রাসঙ্গিক। তোমাদের মাঝেই অনেক রোকেয়ার জন্ম হবে। রোকেয়ার দর্শনের দিকটি অনুসরণের মাধ্যমে তোমাদের সমাজে নানা প্রতিবন্ধকতা দূর করে সাহসের সাথে সামনে এগিয়ে যেতে হবে।

জাতীয় অধ্যাপক ড. রফিকুল ইসলাম "বেগম রোকেয়া ও বাংলাদেশ" শীর্ষক ফাউন্ডেশন বক্তৃতায় বেগম রোকেয়ার জীবনের বিভিন্ন দিক আলোকপাত করেন। তিনি বলেন, বাংলাদেশের নারী জাগরণের অগ্রদূত বেগম রোকেয়া আজীবন মেয়েদের শিক্ষা বিস্তারের জন্য প্রয়াস চালিয়ে গেছেন। তিনি নিজের জীবন উৎসর্গ করেছিলেন বাঙালি মুসলমান মেয়েদের সামাজিক ও সাংস্কৃতিক মুক্তির জন্য। বেগম রোকেয়ার মাতৃভূমি বাংলাদেশ, সেই বাংলাদেশে একুশ শতকে নারীর যে অবস্থান তা বেগম রোকেয়ার স্বপ্নের বাস্তবায়ন।

পরে উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান রোকেয়া হলের মেধাবী ছাত্রীদের মাঝে স্বর্ণপদক ও বৃত্তি প্রদান করেন। ২০১৮ শিক্ষাবর্ষে হলের স্বর্ণপদক পেয়েছেন- হালিমা আক্তার (এম. ফার্ম, ফার্মেসী বিভাগ)। মেধাবৃত্তি লাভ করেছেন- প্রিয়াংকা সুলতানা হেমা (এম.এস.এস, পপুলেশন সায়েন্সেস বিভাগ), সুস্মিতা সাহা (এম.এ, তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগ), নাবিলা নাওয়ার বিন্তি (এম. এস, প্রাণরসায়ন ও অণুপ্রাণ বিজ্ঞান বিভাগ), উম্মে খাদিজা পিয়াল (এম.এস, দুর্যোগ বিজ্ঞান ও ব্যবস্থাপনা বিভাগ)। সাধারণ বৃত্তি পেয়েছেন- আক্সা হোসেন নিঝুম (১ম বর্ষ, অণুজীব বিজ্ঞান বিভাগ), মনিরা চৌধুরী মিলা (১ম বর্ষ, অণুজীব বিজ্ঞান বিভাগ), কানিজ ফাতেমা (২য় বর্ষ, জিন প্রকৌশল ও জীবপ্রযুক্তি বিভাগ) ও রাজিয়া সুলতানা বিথী (৩য় বর্ষ, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগ) এবং কল্যাণ বৃত্তি পেয়েছেন হরিপ্রিয়া রানী (১ম বর্ষ, সংস্কৃত বিভাগ)।

এরআগে রোকেয়া দিবস উপলক্ষে সকালে উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের নেতৃত্বে রোকেয়া হলের উদ্যোগে হল চত্বর থেকে এক বর্ণাঢ্য র‌্যালি বের করা হয়। র‌্যালিটি বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস প্রদক্ষিণ করে। এসময় রোকেয়া হলের প্রাধ্যক্ষ অধ্যাপক ড. জিনাত হুদা সহ হলের বিপুল সংখ্যক ছাত্রী উপস্থিত ছিলেন।

বীরপ্রতীক তারামন বিবি

(১ম পৃষ্ঠার পর) হয়েও দেশপ্রেমের এক অনন্য উদাহরণ সৃষ্টি করেছেন। মুক্তিযুদ্ধে তাঁর এই সাহসিকতা ও বীরত্বপূর্ণ অবদান জাতি বিনম্র শ্রদ্ধা ও ভালোবাসায় চিরদিন স্মরণ করবে।

উপাচার্য তাঁর রূহের মাগফেরাত কামনা করেন এবং পরিবারের শোক-সন্তপ্ত সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেন।

উল্লেখ্য, তারামন বিবি গত ১ ডিসেম্বর ২০১৮ কুড়িগ্রাম জেলার রাজিবপুর উপজেলার কাচারীপাড়া গ্রামের নিজ বাড়িতে মৃত্যুবরণ করেন। তিনি দীর্ঘদিন ধরে ঠাণ্ডাজনিত সমস্যা ও ফুসফুসের জটিল রোগে ভুগছিলেন। তাঁকে পারিবারিক কবরস্থানে রাষ্ট্রীয় মর্যাদায় দাফন করা হয়।

গত ১ ডিসেম্বর ২০১৮ "পদক্ষেপ বাংলাদেশ"-এর উদ্যোগে ঢাকা বিশ্ববিদ্যালয় হাকিম চত্বরে "বিজয় মাসের প্রথম প্রভাত" শীর্ষক আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান এবং বিশেষ অতিথি ছিলেন সম্মিলিত সাংস্কৃতিক জোটের সভাপতি গোলাম কুদ্দুছ। অনুষ্ঠান সঞ্চালন করেন মানজারুল ইসলাম সুইট। অনুষ্ঠানে দলীয় সঙ্গীত, দলীয় নৃত্য, দলীয় আবৃত্তি ও একক সঙ্গীত পরিবেশন করা হয়।

চারুকলা অনুষদের কারুশিল্প বিভাগের 'বার্ষিক শিল্পকর্ম প্রদর্শনী-২০১৮'

ঢাকা বিশ্ববিদ্যালয় চারুকলা অনুষদের কারুশিল্প বিভাগের শিক্ষার্থীদের বার্ষিক শিল্পকর্ম প্রদর্শনী গত ২৯ নভেম্বর ২০১৮ চারুকলা অনুষদের জয়নুল গ্যালারীতে শুরু হয়েছে। এ উপলক্ষে অনুষদের লেকচার থিয়েটারে আয়োজিত এক অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে সপ্তাহব্যাপী এ প্রদর্শনীর উদ্বোধন করেন। উদ্বোধন শেষে অতিথিদের সাথে নিয়ে উপাচার্য প্রদর্শনী ঘুরে দেখেন।

বিভাগীয় চেয়ারম্যান মো. আব্দুল মোমেনের সভাপতিত্বে অনুষ্ঠিত অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন অনুষদের ডিন অধ্যাপক নিসার হোসেন। স্বাগত বক্তব্য প্রদান করেন প্রদর্শনীর আহ্বায়ক ফারহানা ফেরদৌসী। এছাড়া বিভাগের অধ্যাপক মোহাম্মদ নজীব শুভেচ্ছা বক্তব্য রাখেন। উদ্বোধনী অনুষ্ঠানে চারুকলা অনুষদের শিক্ষকবৃন্দ ছাড়াও বিপুল সংখ্যক শিক্ষার্থী উপস্থিত ছিলেন।

প্রদর্শনী উপলক্ষে শিল্পকর্মের স্বীকৃতিস্বরূপ বিভাগের ৭জন শিক্ষার্থীকে পুরস্কৃত করা হয়। শিল্পী আব্দুল জাব্বার স্মৃতি পুরস্কার পেয়েছেন সত্যানন্দ রায়, শিল্পী রশিদ চৌধুরী স্মৃতি পুরস্কার- সোহানা শিহাব ইমা, জুলাবুল ইসলাম স্মৃতি পুরস্কার- সাক্ষর চাকমা, শিল্পী আব্দুস শাকুর শাহ শ্রেষ্ঠ মাধ্যম পুরস্কার- জিনিয়া ক্লারা ঘোষ, ক্রিয়েটিভ ক্রাফট এ্যাওয়ার্ড- নওশিন নাহিদ, এক্সপেরিমেন্টার এ্যাওয়ার্ড- রুবাইয়েত-ই-শারমিন এবং শ্রেষ্ঠ পুরস্কার পেয়েছেন পুনম সাহা।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান পুরস্কারপ্রাপ্ত শিক্ষার্থীদের অভিনন্দন জানিয়ে বলেন, শিল্পকলার ইতিহাসে কারুশিল্প এক বিরাট স্থান অধিকার করে রয়েছে। প্রয়োজনের তাগিদে সৃষ্ট এই মাধ্যমটি দৈনন্দিন ব্যবহার্য দ্রব্যের চাহিদা পূরণের পাশাপাশি নান্দনিক বিশেষত্বে অনন্যতা পায়। বিভিন্ন পণ্যে সৃজনশীল কারুকাজের জন্য সেই পন্যটি সবার দৃষ্টি আকর্ষণ করতে সক্ষম হয়।

প্রদর্শনীতে ৪৭জন শিক্ষার্থীর ১১৫টি শিল্পকর্ম স্থান পেয়েছে। প্রতিদিন সকাল ১১টা থেকে রাত ৮টা পর্যন্ত সকলের জন্য এই প্রদর্শনী উন্মুক্ত ছিল। প্রদর্শনী চলে ২৯ নভেম্বর থেকে ৫ ডিসেম্বর ২০১৮ পর্যন্ত।

'এলজি লাইফ'স গুড প্রতিবন্ধী শিক্ষার্থী ট্রাস্ট ফান্ড বৃত্তি' পেলেন ৩ শিক্ষার্থী

ঢাকা বিশ্ববিদ্যালয়ের তিনজন দৃষ্টি প্রতিবন্ধী শিক্ষার্থীকে 'এলজি লাইফ'স গুড প্রতিবন্ধী শিক্ষার্থী ট্রাস্ট ফান্ড বৃত্তি' দিয়েছে দক্ষিণ কোরিয়া ভিত্তিক বহুজাতিক কোম্পানি এলজি ইলেক্ট্রনিক্স বাংলাদেশ। গত ২৮ নভেম্বর ২০১৮ উপাচার্য লাউঞ্জে এক অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান শিক্ষার্থীদের হাতে বৃত্তির চেক তুলে দেন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীনের সভাপতিত্বে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন এলজি ইলেক্ট্রনিক্স বাংলাদেশ'র ব্যবস্থাপনা পরিচালক ডি কে সন, বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. আহমেদ আবদুল্লাহ জামাল, শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটের (আইইআর) ভারপ্রাপ্ত পরিচালক অধ্যাপক ড. মো. আব্দুল মালেক এবং এলজি ইলেক্ট্রনিক্স বাংলাদেশ'র হেড অব কনজ্যুমার ইলেক্ট্রনিক্স মাহমুদুল হাসান।

উল্লেখ্য, ঢাকা বিশ্ববিদ্যালয় কলা অনুষদ ও সামাজিক বিজ্ঞান অনুষদ এবং শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটের স্নাতক পর্যায়ে অধ্যয়নরত অসচ্ছল ও মেধাবী তিনজন প্রতিবন্ধী শিক্ষার্থীকে এককালীন ১২০০০/- টাকা করে প্রদান করা হয়। এবছর বৃত্তিপ্রাপ্ত দৃষ্টি প্রতিবন্ধী শিক্ষার্থীরা হলেন, শাহানাজ আক্তার, ইনামুয়েল টিটু মন্ডল ও তাসলিমা সুলতানা মিতু।

উপাচার্যের সাথে বিদেশী অতিথিবৃন্দের সাক্ষাৎ

ইরানের রাষ্ট্রদূত

বাংলাদেশে নিযুক্ত ইরানের রাষ্ট্রদূত মোহাম্মদ রেজা নাফার গত ৫ ডিসেম্বর ২০১৮ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছেন। ঢাকাস্থ ইরান দূতাবাসের পলিটিক্যাল সেক্রেটারি মেহদী তোরাবি এসময় তার সঙ্গে ছিলেন। বৈঠককালে ঢাকা বিশ্ববিদ্যালয় ফারসি ভাষা ও সাহিত্য বিভাগের অধ্যাপক ড. কে এম সাইফুল ইসলাম খান সহ কয়েকজন শিক্ষক উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তারা বাংলাদেশ এবং ইরানের মধ্যে অধিক হারে শিক্ষক, শিক্ষার্থী, গবেষক এবং সাংস্কৃতিক দল বিনিময়ের ওপর গুরুত্বারোপ করেন। ঢাকা বিশ্ববিদ্যালয় এবং ইরানোলজি ফাউন্ডেশনের মধ্যে যৌথ গবেষণা প্রকল্প চালুর সম্ভাব্যতা নিয়েও বৈঠকে আলোচনা করা হয়। ঢাকা বিশ্ববিদ্যালয় অধিভুক্ত বিভিন্ন কলেজে অধ্যয়নরত ইরানী শিক্ষার্থীদের নানা সমস্যা সমাধানের ব্যাপারে রাষ্ট্রদূত উপাচার্যের সহযোগিতা চান। উপাচার্য এ বিষয়ে সম্ভাব্য সকল সহযোগিতার আশ্বাস দেন। উপাচার্য বলেন, দু'দেশের মধ্যে দীর্ঘদিন যাবৎ চমৎকার বন্ধুত্বপূর্ণ সম্পর্ক বিরাজ করছে। এই সম্পর্ক ভবিষ্যতে আরও সুদৃঢ় হবে বলে তিনি আশা প্রকাশ করেন।

ভারতীয় প্রতিনিধি

ভারতের একটি আধ্যাত্মিক প্রতিষ্ঠান 'ব্রাহ্ম কুমারী'-এর বিজ্ঞানী ও প্রকৌশলী বিভাগের জাতীয় সমন্বয়কারী বি কে ভারত ভূষণ গত ৫ ডিসেম্বর ২০১৮ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছেন।

সাক্ষাৎকালে তারা ইতিবাচক চিন্তাভাবনা, মানসিক চাপ ব্যবস্থাপনা এবং আত্ম ক্ষমতায়ন বিষয়ে মত বিনিময় করেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ে আসার জন্য উপাচার্য অতিথিকে ধন্যবাদ জানান।

দক্ষিণ কোরিয়ার দু'জন গবেষক

দক্ষিণ কোরিয়ার 'কোরিয়া ইলেকট্রনিক্স টেকনোলজি ইন্সটিটিউট'- এর গবেষক ড. সান হিয়ন কিম এবং ড. জে সিয়ং জিয়ং গত ৬ ডিসেম্বর ২০১৮ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছেন।

এসময় ঢাকা বিশ্ববিদ্যালয় শক্তি ইনস্টিটিউটের পরিচালক অধ্যাপক ড. সাইফুল হক এবং সহকারী অধ্যাপক ড. এস এম নাসিফ শামস্ উপস্থিত ছিলেন। সাক্ষাৎকালে তারা ঢাকা বিশ্ববিদ্যালয় এবং 'কোরিয়া ইলেকট্রনিক্স টেকনোলজি ইন্সটিটিউট' এর মধ্যে যৌথ শিক্ষা ও গবেষণা কার্যক্রম চালুর সম্ভাব্যতা নিয়ে আলোচনা করেন।

চীনা প্রতিনিধিদল

চীনের শীর্ষ স্থানীয় সংগীত প্রতিষ্ঠান সেন্ট্রাল কনজারভেটরি অব মিউজিক-এর ভাইস-চেয়ারপার্সন অধ্যাপক জিয়ান হুয়া মিয়াও-এর নেতৃত্বে ৪-সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধি দল গত ৯ ডিসেম্বর ২০১৮ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছে। প্রতিনিধি দলের অন্য সদস্যরা হলেন- অধ্যাপক ড. জ্যাং বোউ, লিন কিয়াওফুং এবং লিউ চ্যাং।

এসময় ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন, সংগীত বিভাগের চেয়ারপার্সন মিসেস টুম্পা সমদ্দার, ড. মহসিনা আক্তার খানম সহ কয়েকজন শিক্ষক উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তারা পারস্পরিক স্বার্থ-সংশ্লিষ্ট বিষয়ে বিশেষ করে ঢাকা বিশ্ববিদ্যালয় এবং চীনের সংগীত প্রতিষ্ঠান সেন্ট্রাল কনজারভেটরি অব মিউজিক-এর মধ্যে সঙ্গীত, নৃত্য, থিয়েটার ও চারুকলা বিষয়ে যৌথ শিক্ষা ও গবেষণা কার্যক্রম চালুর সম্ভাব্যতা নিয়ে আলোচনা করেন। উভয় প্রতিষ্ঠানের মধ্যে শিক্ষক ও শিক্ষার্থী বিনিময় নিয়েও বৈঠকে মত বিনিময় করা হয়। এছাড়া, ঢাকা বিশ্ববিদ্যালয় এবং সেন্ট্রাল কনজারভেটরি অব মিউজিক-এর যৌথ উদ্যোগে চীনে একটি সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজনের ব্যাপারে তারা আলোচনা করেন। এসব বিষয়ে শিগ্গিরই একটি সমঝোতা স্মারক স্বাক্ষরের ব্যাপারেও তারা ঐকমত্যে পৌছেন। উপাচার্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের সংক্ষিপ্ত ইতিহাস এবং এর শিক্ষা ও গবেষণা কার্যক্রম সম্পর্কে চীনা প্রতিনিধি দলকে অবহিত করেন।

ইউনান বিশ্ববিদ্যালয় প্রতিনিধিদল

চীনের ইউনান বিশ্ববিদ্যালয় ফরেন ল্যাঙ্গুয়েজ স্কুলের প্রধান অধ্যাপক পেং রং-এর নেতৃত্বে ৪-সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধি দল গত ১১ ডিসেম্বর ২০১৮ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছে। প্রতিনিধি দলের অন্য সদস্যরা হলেন- অধ্যাপক লিও চুনিয়ং, অধ্যাপক সান ফ্যাং এবং অধ্যাপক ওয়াং ওয়েনজুন।

এসময় ঢাকা বিশ্ববিদ্যালয় আধুনিক ভাষা ইনস্টিটিউটের পরিচালক অধ্যাপক ড. শিশির ভট্টাচার্য্য এবং কনফুসিয়াস ইনস্টিটিউটের পরিচালক ড. জোউ মিংগুং উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তারা পারস্পরিক স্বার্থ-সংশ্লিষ্ট বিষয়ে বিশেষ করে ঢাকা বিশ্ববিদ্যালয় এবং চীনের ইউনান বিশ্ববিদ্যালয়ের মধ্যে চলমান যৌথ শিক্ষা কার্যক্রম আরও গতিশীল করার ব্যাপারে আলোচনা করেন। 'ইউনান বিশ্ববিদ্যালয়ে শিগ্গিরই বাংলা ভাষা বিভাগ চালু করা হবে' উল্লেখ করে চীনা প্রতিনিধি দলের নেতা এই বিভাগের উন্নয়নে ঢাকা বিশ্ববিদ্যালয় উপাচার্যের সহযোগিতা চান। উপাচার্য এ বিষয়ে সম্ভাব্য সকল সহযোগিতার আশ্বাস দেন।

বাংলাদেশে নিযুক্ত ইরানের রাষ্ট্রদূত মোহাম্মদ রেজা নাফার গত ৫ ডিসেম্বর ২০১৮ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছেন। ঢাকাস্থ ইরান দূতাবাসের পলিটিক্যাল সেক্রেটারি মেহদী তোরাবী এসময় তার সঙ্গে ছিলেন।

চীনের ইউনান বিশ্ববিদ্যালয় ফরেন ল্যাঙ্গুয়েজ স্কুলের প্রধান অধ্যাপক পেং রং-এর নেতৃত্বে ৪-সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধিদল গত ১১ ডিসেম্বর ২০১৮ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছে।

দক্ষিণ কোরিয়ার 'কোরিয়া ইলেকট্রনিক্স টেকনোলজি ইন্সটিটিউট'- এর গবেষক ড. সান হিয়ন কিম এবং ড. জে সিয়ং জিয়ং গত ৬ ডিসেম্বর ২০১৮ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছেন।

ভারতের একটি আধ্যাত্মিক প্রতিষ্ঠান 'ব্রাহ্ম কুমারী'-এর বিজ্ঞানী ও প্রকৌশলী বিভাগের জাতীয় সমন্বয়কারী বি কে ভারত ভূষণ গত ৫ ডিসেম্বর ২০১৮ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছেন।

চীনের শীর্ষ স্থানীয় সংগীত প্রতিষ্ঠান সেন্ট্রাল কনজারভেটরি অব মিউজিক-এর ভাইস-চেয়ারপার্সন অধ্যাপক জিয়ান হুয়া মিয়াও-এর নেতৃত্বে ৪-সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধিদল গত ৯ ডিসেম্বর ২০১৮ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছে।

ঢাবি এবং কুনমিং ইউনিভার্সিটি'র মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষরিত

শিক্ষা ও গবেষণার ক্ষেত্রে আন্তর্জাতিক সহযোগিতামূলক সম্পর্ক গড়ে তোলার লক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয় এবং চীনের কুনমিং ইউনিভার্সিটি অব সায়েন্স এন্ড টেকনোলজি'র মধ্যে গত ১০ ডিসেম্বর ২০১৮ এক সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো: কামাল উদ্দীন এবং কুনমিং ইউনিভার্সিটি অব সায়েন্স এন্ড টেকনোলজি'র ভাইস প্রেসিডেন্ট ই ঝিয়ানহং নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে এই সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন।

উপাচার্য লাউঞ্জে আয়োজিত এই চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান, রোবটিক্স এন্ড মেকাট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বিভাগের চেয়ারপার্সন ড. লাফিফা জামাল, কুনমিং ইউনিভার্সিটি অব সায়েন্স এন্ড টেকনোলজি'র অধ্যাপক পেং ঝিয়ানলিং, অধ্যাপক শেন লিং, অধ্যাপক হি ইয়ান, অধ্যাপক ওয়াং ঝিয়ান সহ ঢাকা বিশ্ববিদ্যালয়ের কয়েকজন শিক্ষক উপস্থিত ছিলেন।

এই সমঝোতা স্মারকের আওতায় ঢাকা বিশ্ববিদ্যালয় এবং চীনের কুনমিং ইউনিভার্সিটি অব সায়েন্স এন্ড টেকনোলজি যৌথভাবে গবেষণা কার্যক্রম এবং স্বল্প-মেয়াদী শিক্ষার্থী-ক্যাম্প পরিচালনা করবে। এছাড়া, উভয় বিশ্ববিদ্যালয়ের মধ্যে শিক্ষক, শিক্ষার্থী ও গবেষক বিনিময় করা হবে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান এই সমঝোতা স্মারক স্বাক্ষরের জন্য কুনমিং ইউনিভার্সিটি অব সায়েন্স এন্ড টেকনোলজি কর্তৃপক্ষকে ধন্যবাদ জানান। উভয় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী ও গবেষকগণ এর মাধ্যমে অনেক উপকৃত হবেন বলে তিনি আশা প্রকাশ করেন।

"নারীর কথা শুনবে বিশ্ব/কমলা রঙে নতুন দৃশ্য" স্লোগান নিয়ে ইউ এন উইমেন গত ২৮ নভেম্বর ২০১৮ ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে এক বর্ণাঢ্য র‍্যালি বের করে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ র‍্যালির নেতৃত্ব দেন।

ঋষিজ শিল্পীগোষ্ঠীর ৪২ বছর পূর্তি উদ্‌যাপন

বাংলাদেশ শিল্পকলা একাডেমির সংগীত ও নৃত্যকলা কেন্দ্র মিলনায়তনে গত ৯ ডিসেম্বর ২০১৮ শনিবার গান, গুণীজন সংবর্ধনা আর আলোচনার মধ্য দিয়ে ঋষিজ শিল্পীগোষ্ঠীর ৪২ বছর পূর্তি উদ্‌যাপন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন প্রধানমন্ত্রীর আন্তর্জাতিকবিষয়ক উপদেষ্টা ড. গওহর রিজভী এবং বিশেষ অতিথি ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ ও সংস্কৃতিমন্ত্রী আসাদুজ্জামান নূর এমপি। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ঋষিজ শিল্পীগোষ্ঠীর সভাপতি ও গণসংগীতশিল্পী ফকির আলমগীর। অনুষ্ঠানটি উৎসর্গ করা হয় প্রয়াত সাংবাদিক গোলাম সারওয়ার ও কিংবদন্তি ব্যান্ড তারকা আইয়ুব বাচ্চুকে।

জাতীয় সংগীতের মধ্য দিয়ে শুরু হয় অনুষ্ঠান। এ বছর সংস্কৃতি অঙ্গণে অবদানের জন্য 'ঋষিজ পদক ২০১৮' প্রদান করা হয় সাত গুণী ব্যক্তিকে। তারা হলেন- ওস্তাদ মতিউল হক খান (উচ্চাঙ্গ সংগীত), আতাউর রহমান (নাট্যকলা), অধ্যাপক নিসার হোসেন (চারুকলা), জয়ন্ত চট্টোপাধ্যায় (আবৃত্তি ও অভিনয়), তপন মাহমুদ (রবীন্দ্র সংগীত), খায়রুল আনাম শাকিল (নজরুল সংগীত) ও বাউল শফি মন্ডল (লোক সংগীত)।

১৩তম কেন্দ্রীয় বার্ষিক নাট্যোৎসব

ঢাকা বিশ্ববিদ্যালয় থিয়েটার এন্ড পারফরম্যান্স স্টাডিজ বিভাগের উদ্যোগে ৬দিন ব্যাপী '১৩তম ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় বার্ষিক নাট্যোৎসব'-এর উদ্বোধনী অনুষ্ঠান গত ৩ ডিসেম্বর ২০১৮ ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে অনুষ্ঠিত হয়। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে প্রদীপ প্রজ্জ্বলন করে এই নাট্যোৎসবের আনুষ্ঠানিক উদ্বোধন করেন।

থিয়েটার এন্ড পারফরম্যান্স স্টাডিজ বিভাগের চেয়ারম্যান ড. আহমেদুল কবিরের সভাপতিত্বে অনুষ্ঠিত উদ্বোধনী অনুষ্ঠানে শুভেচ্ছা বক্তব্য প্রদান করেন জাতীয় অধ্যাপক ড. আনিসুজ্জামান। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ এবং কলা অনুষদের ডিন অধ্যাপক ড. আবু মো. দেলোয়ার হোসেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান সকলকে বিজয় মাসের শুভেচ্ছা জানিয়ে বলেন, নাটকে মাটি, মানুষ ও প্রকৃতির প্রতিফলন ঘটে থাকে। নাট্যকর্মীদের সবসময় অসাম্প্রদায়িক ও উদারনৈতিক দৃষ্টিভঙ্গি থাকে। তারা জীবনের কথা বলে এবং সমাজ সচেতন হয়। নাট্যজগতের প্রথিতযশা ব্যক্তিত্বদের সম্পৃক্তায় বিশ্ববিদ্যালয়ের তরুণ নাট্যকর্মীরা যে নাট্যচর্চা ও নাটক মঞ্চস্থ করে তা দেখে আমরা সকলেই মুগ্ধ হই এবং এইসব নাটক থেকে আমরা সকলে সুন্দর জীবন ও সুষ্ঠু সমাজ ব্যবস্থা নির্মাণের একটি বার্তা পেয়ে থাকি।

উদ্বোধনী অনুষ্ঠান শেষে বিভাগীয় অধ্যাপক ড. ইসরাফিল শাহীনের নির্দেশনায় উইলিয়াম শেক্সপিয়ার রচিত 'ম্যাকবেথ' নাটকটি মঞ্চস্থ হয়।

সম্পাদক আবদুস সালাম স্মারক ট্রাস্ট ফান্ড বৃত্তি পেলেন ৫ শিক্ষার্থী

ঢাকা বিশ্ববিদ্যালয় গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের বিএসএস সম্মান পরীক্ষায় ভাল ফলাফল অর্জনকারী ৫জন শিক্ষার্থী 'সম্পাদক আবদুস সালাম ট্রাস্ট ফান্ড' বৃত্তি লাভ করেছেন। গত ২ ডিসেম্বর ২০১৮ সামাজিক বিজ্ঞান অনুষদ ভবনের অধ্যাপক মুজাফফর আহমদ চৌধুরী মিলনায়তনে এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান শিক্ষার্থীদের হাতে বৃত্তির চেক তুলে দেন।

সাংবাদিকতায় অসামান্য অবদান রাখায় বাংলাদেশের প্রথম নারী ফটো সাংবাদিক সাইদা খানমকে অনুষ্ঠানে আজীবন সম্মাননা প্রদান করা হয়। "Crumbling Creditability of Our Media: How to Restore?" শীর্ষক স্মারক বক্তৃতা প্রদান করেন অধ্যাপক কাজী আব্দুল মান্নান। বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো: কামাল উদ্দীনের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিভাগীয় চেয়ারপার্সন অধ্যাপক ড. কাবেরী গায়েন। সঞ্চালনা করেন অধ্যাপক রোবায়েত ফেরদৌস। সাইদা খানমের জীবনালেখ্য পাঠ করেন সহকারী অধ্যাপক শবনম আযীম। ট্রাস্ট ফান্ড দাতা পরিবারের কয়েকজন সদস্য অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের অভিনন্দন জানিয়ে বলেন, অধ্যাপক কাজী আব্দুল মান্নানের প্রবন্ধটি খুবই সময়োপযোগী। তিনি বলেন, অনেক প্রতিকূলতা মোকাবেলা করে সাইদা খানমকে তার পেশাদারিত্ব রক্ষা করতে হয়েছে। পেশাগত জীবনে বর্তমান প্রজন্মকে গুণী সাংবাদিকদের আদর্শ অনুসরণ করতে হবে।

সম্পাদক আবদুস সালাম স্মারক ট্রাস্ট ফান্ড বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীরা হলেন- মনির উদ্দিন, দীপক চন্দ্র রায়, মো. রায়হান কবির, মো. মাহবুবুর রহমান ও মো. চুন্নু খান।

"মির্জা মোহাম্মদ আবদুল্লাহ ও বেগম বদরুননেসা স্মৃতি বৃত্তি" পেলেন ২ শিক্ষার্থী

লেখাপড়ায় অসাধারণ সাফল্যের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয় ইনস্টিটিউট অব ডিজাস্টার ম্যানেজমেন্ট এন্ড ভালনারেবিলিটি স্টাডিজ-এর ২জন মেধাবী শিক্ষার্থী "মির্জা মোহাম্মদ আবদুল্লাহ ও বেগম বদরুননেসা স্মৃতি বৃত্তি" লাভ করেছেন। বৃত্তিপ্রাপ্তরা হলেন মো: আবুল কালাম আজাদ ও মো: রবিউল ইসলাম। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান গত ২৭ নভেম্বর ২০১৮ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে শিক্ষার্থীদের হাতে বৃত্তির চেক তুলে দেন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো: কামাল উদ্দীনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ, সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. সাদেকা হালিম, ট্রাস্ট ফান্ডের দাতা অধ্যাপক ড. মাহবুবা নাসরীন, ট্রাস্টি বোর্ডের সদস্য ডা. মির্জা মো: আরিফুর রহমান এবং ঢাকা ইউনিভার্সিটি অ্যালামনাই এসোসিয়েশনের সভাপতি এ কে আজাদ বক্তব্য রাখেন। ইনস্টিটিউট অব ডিজাস্টার ম্যানেজমেন্ট এন্ড ভালনারেবিলিটি স্টাডিজ-এর সহকারী অধ্যাপক ড. দিলারা জাহিদ অনুষ্ঠান সঞ্চালন করেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের অভিনন্দন জানান। তিনি বলেন, সমৃদ্ধ বাংলাদেশ গড়ার ক্ষেত্রে শিক্ষার্থীদের অগ্রণী ভূমিকা পালন করতে হবে। নৈতিক ও মানবিক মূল্যবোধে উদ্বুদ্ধ হওয়ার জন্য তিনি শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান।

নাজেন্দা-আজিজ ট্রাস্ট বক্তৃতা অনুষ্ঠিত

ঢাকা বিশ্ববিদ্যালয় নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবন মিলনায়তনে 'নাজেন্দা-আজিজ ট্রাস্ট বক্তৃতা' গত ২৬ নভেম্বর ২০১৮ অনুষ্ঠিত হয়। এতে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীনের সভাপতিত্বে অনুষ্ঠিত এতে বিশেষ অতিথি ছিলেন কলা অনুষদের ডিন অধ্যাপক ড. আবু মো. দেলোয়ার হোসেন। অনুষ্ঠানে 'মানবাধিকার, মানবকল্যাণ ও বাংলাদেশ প্রেক্ষিত' শীর্ষক বক্তৃতা প্রদান করেন বাংলাদেশ জাতীয় মানবাধিকার কমিশনের

সাবেক চেয়ারম্যান এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের অধ্যাপক ড. মিজানুর রহমান। অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন নাজেন্দা-আজিজ ট্রাস্ট ফান্ডের দাতা অধ্যাপক ড. গালিব আহসান খান এবং ঢাবি নৈতিক উন্নয়ন কেন্দ্রের পরিচালক অধ্যাপক ড. এ কে এম হারুনার রশীদ।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রয়াত নাজেন্দা আকতার এবং আজিজুর রহমান খান-এর স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেন এবং ট্রাস্ট ফান্ডের দাতা ও দাতা পরিবারের সদস্যদের আন্তরিক অভিনন্দন জানান। তিনি বলেন, যে সমাজে মানবাধিকার সুরক্ষিত এবং যে সমাজ নারীর ক্ষমতায়ন ও নারীর প্রতি শ্রদ্ধাশীল, সে সমাজ তত বেশী উন্নত। উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান একটি চমৎকার প্রবন্ধ উপস্থাপনের জন্য অধ্যাপক ড. মিজানুর রহমানকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে বলেন, মানবাধিকার ও মানবকল্যাণ নিশ্চিত করণে তার প্রবন্ধে যে দিক নির্দেশনা আছে, তা থেকে শিক্ষার্থীরা নতুনভাবে শিক্ষা নেবে। আমাদের নৈতিকতার জায়গাটা সব সময় জাগ্রত রাখতে হবে বলে উপাচার্য উল্লেখ করেন।

অধ্যাপক ড. মিজানুর রহমান তার প্রবন্ধে বলেন, বঙ্গবন্ধু কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনার যোগ্য ও বলিষ্ঠ নেতৃত্বের কারণে বাংলাদেশে অর্থনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক অধিকারের ক্ষেত্রে ব্যাপক অগ্রগতি সাধিত হয়েছে। বয়স্ক ভাতা, বিধবা ভাতা, নারী বৃত্তি ইত্যাদি সবই শেখ হাসিনার জনবান্ধব ও প্রগতিশীল ধারণার ফসল বলে তিনি মন্তব্য করেন।

তিনি বলেন, মুক্তিযুদ্ধের মূল্যবোধকে বিসর্জন দিয়ে যেমন বাংলাদেশের কল্পনা করা যায় না, ঠিক তেমনি মানবাধিকারের ধারণাকে অবজ্ঞা করে, ছোট করে, মানবকল্যাণ নিশ্চিত করা সম্ভব নয়। সুরক্ষিত মানবাধিকার হচ্ছে মানবকল্যাণ নিশ্চিত করার একমাত্র স্বীকৃত পন্থা।

জগন্নাথ হল অ্যালামনাই এসোসিয়েশনের বৃত্তি প্রদান

ঢাকা বিশ্ববিদ্যালয় জগন্নাথ হল অ্যালামনাই এসোসিয়েশনের 'বৃত্তি প্রদান অনুষ্ঠান-২০১৮' গত ৭ ডিসেম্বর ২০১৮ হলের অক্টোবর স্মৃতি ভবন মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান। এতে বিশেষ অতিথি ছিলেন জগন্নাথ হলের প্রাধ্যক্ষ অধ্যাপক ড. অসীম সরকার এবং জগন্নাথ হল অ্যালামনাই এসোসিয়েশনের প্রাক্তন সভাপতি কানুতোষ মজুমদার। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জগন্নাথ হল অ্যালামনাই এসোসিয়েশনের সভাপতি পান্না লাল দত্ত।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বৃত্তিপ্রাপ্ত ছাত্রদের অভিনন্দন জানিয়ে বলেন, তোমাদের সত্যিকার দেশপ্রেমিক, বিনয়ী, অসাম্প্রদায়িক ও নৈতিক মূল্যবোধ সম্পন্ন মানুষ হতে হবে। পাশাপাশি দেশে সামাজিক সম্প্রীতি প্রতিষ্ঠায় ও সমৃদ্ধ দেশ গড়ার লক্ষ্যে ক্যাম্পাসে শিক্ষার সুষ্ঠু পরিবেশ বজায় রাখতে নিরলসভাবে কাজ করে যেতে হবে।

অনুষ্ঠানে রাধাকান্ত মজুমদার স্মৃতি বৃত্তি, সরোজিনী মজুমদার স্মৃতি বৃত্তি, অনিন্দ্য মজুমদার স্মৃতি বৃত্তি, নরেন্দ্র নাথ রায় স্মৃতি বৃত্তি, পার্থ সারথি দেবনাথ (অনিক) স্মৃতি বৃত্তি, অতুল চন্দ্র দত্ত স্মৃতি বৃত্তি, মনীন্দ্র চন্দ্র পোদ্দার স্মৃতি বৃত্তি এবং জগন্নাথ হল অ্যালামনাই এসোসিয়েশন শিক্ষা বৃত্তি প্রদান করা হয়।

ঢাকা বিশ্ববিদ্যালয় ফুটবল কমিটির আয়োজনে গত ২ ডিসেম্বর ২০১৮ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনের সেমিনার কক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক ফুটবল প্রতিযোগিতা ২০১৮-এর পুরস্কার বিতরণী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। ছবিতে অনুষ্ঠানের প্রধান অতিথি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান, বিশেষ অতিথি প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ ও কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন, ফুটবল কমিটির সভাপতি অধ্যাপক ড. শাহ মো. মাসুম, বিভিন্ন অনুষদের ডীন এবং বিভিন্ন হলের প্রাধক্ষ্যের সাথে চ্যাম্পিয়ন ও রানার-আপ দলের খেলোয়াড়দের দেখা যাচ্ছে ।

সম্পাদক: মাহমুদ আলম, পরিচালক (ভারপ্রাপ্ত), প্রধান প্রতিবেদক: মোঃ রফিকুল ইসলাম পান্না, প্রতিবেদক: তাওহিদা খানম ও মো: আবু বকর সিদ্দিক, সম্পাদনা সহকারী: নুরুন্নাহার বেগম এবং মোঃ নজরুল ইসলাম
ফটো সাংবাদিক: আনোয়ার মজুমদার, মোঃ জাকির হোসেন ও শুভাশীষ রঞ্জন সরকার। জনসংযোগ দফতর কর্তৃক প্রকাশিত এবং গ্র্যাফোসম্যান রিপ্রোডাকশন এন্ড প্রিন্টিং লি., ঢাকা কর্তৃক মুদ্রিত। ফোন: ৯৬৬১৯০০-৫৯/৪১০০, ০১৭৫৮৪৯২৪১৫